

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-৬০৩

তারিখঃ ১১/০৬/২০১৮ খ্রিঃ
সময়ঃ দুপুর ২.৩০টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

আবহাওয়ার সতর্কবার্তাঃ

ফেণী ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত মৌসুমী স্থল নিম্নচাপটি আরও উত্তর-উত্তর পূর্ব দিকে অগ্রসর ও দুর্বল হয়ে লঘুচাপ আকারে বর্তমানে বাংলাদেশের কুমিল্লা ও ভারতের ত্রিপুরা অঞ্চলের অবস্থান করছে। এটি আরও উত্তর/উত্তরপূর্ব দিকে অগ্রসর হতে পারে।

মৌসুম বায়ু উত্তর বঙ্গোপসাগরে সক্রিয় অবস্থায় আছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগরের ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালার সৃষ্টি অব্যাহত রয়েছে। উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহে ০৩(তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সবধানে চলাচল করতে বলা হয়েছে।

১১ জুন ২০১৮ খ্রিঃ সন্ধ্যা ০৬টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

ফরিদপুর, মাদারীপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কিঃ মিঃ বেগে অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পার। এসব এলাকার নদীবন্দর সমূহকে ২ নম্বর নৌ হাওয়া সংকেত দেখাতে বলা হয়েছে। এছাড়া দেশের অন্যত্র একই দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কিঃ মিঃ বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দর সমূহকে ১ নম্বর নৌ হাওয়া সংকেত দেখাতে বলা হয়েছে।

পূর্বাভাসঃ ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের অনেক জায়গায় অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়া বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপপ্রবাহঃ রংপুর বিভাগসহ রাজশাহী এবং নওগাঁ অঞ্চল সমূহের উপর দিয়ে বিরাজমান তাপপ্রবাহ প্রশমিত হতে পারে।

তাপমাত্রাঃ সারা দেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রী সেঃ হ্রাস এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

গত ২৪ ঘন্টার উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গতকাল সকাল ৯.০০টা থেকে আজ সকাল ৯.০০টা পর্যন্ত) :

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
বান্দারবান	২১৬.০	চট্টগ্রাম	২৪৪.০
লামা	১৫৮.০	কক্সবাজার	২৩০.০
নারয়নহাট	১৫০.০	রামগড়	১৯২.৫
রাঙ্গামাটি	১১০.০	টেকনাফ	১৫০.৩
পাচপুকুরিয়া	১০৩.০	বরগুনা	১০২.০

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৫.৯	৩৫.৭	৩০.১	৩৬.৬	৩৬.৩	৩৭.৮	৩৫.৭	৩১.৩
সর্বনিম্ন তাপমাত্রা	২৪.৩	২৬.৫	২৪.০	২৫.৫	২৪.২	২৪.৩	২৫.০	২৫.২

দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা: সর্বোচ্চ তাপমাত্রা সৈয়দপুর ৩৭.৮° এবং সর্বনিম্ন রাঙ্গামাটি ২৪.০° সেঃ।

নদ-নদীর সর্বশেষ অবস্থা:

(Handwritten signature and date)
১১/০৬/১৮

